



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
কুয়েট রোড, খুলনা।
www.hstti.khulna.gov.bd

স্মারকনং-উমাশিপ্রইখ/প্রশি-৫৪৩(৫)/২০২৬/৮৯

তারিখ: ২১/০৫/২০২৬খি.

প্রাপক : সভাপতি/অধ্যক্ষ

.....
.....
.....

বিষয়: উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ।

এই ইনস্টিটিউটে ০২/০৬/২০২৬ খি. থেকে ২১/০৬/২০২৬ খি. তারিখ পর্যন্ত অনুষ্ঠেয় ২০ দিন মেয়াদি উচ্চ মাধ্যমিক স্তরের কলেজ অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং মাউশিপ্র/বা-উ/৮৫০, তারিখ: ১৫/০৯/২০২২ খি. মোতাবেক মহাপরিচালক, মাউশি এর অনুমতি ব্যতিরেকে কোনো প্রশিক্ষণার্থী কোর্সে অনুপস্থিত থাকতে পারবেন না।

তিনি ০১/০৬/২০২৬ খি. তারিখ বিকাল ০৫:০০ টার মধ্যে এই ইনস্টিটিউটের হোস্টেল সুপারের নিকট রিপোর্ট করবেন। ০২/০৬/২০২৬ খি. তারিখ সকাল ০৯:০০ টায় নাম রেজিস্ট্রেশনের সময় (প্রশাসনিক ভবন, কক্ষ নং-২০৬) তিনি নিজ কলেজের গভর্নিং বডির সভাপতি/অধ্যক্ষ প্রদত্ত ছাড়পত্র, দুই কপি ছবি, নিজের ও কলেজের ইনডেক্স, ইআইআইএন নম্বর অবশ্যই জমা দেবেন। প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য তিনি প্রধান কোর্স সমন্বয়কারী প্রফেসর ড. খ. ম. রেজাউল করিম, অতিরিক্ত পরিচালক (মোবা: ০১৭১১-৫৭৭৮৫৫) এবং কোর্স সমন্বয়কারী প্রফেসর সৈয়দ মনিরুজ্জামান, উপ পরিচালক (মোবা: ০১৯৯৩-৯০৭৯৮৮) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। কোনো কারণে অধ্যক্ষ মহোদয় এই প্রশিক্ষণে অংশ গ্রহণে অপারগ হলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ উপাধ্যক্ষ মহোদয়কে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যাদের বয়স ৫৮ বছর ইতোপূর্বে পূর্ণ হয়েছে এবং ইতিপূর্বে এইচএসটিটিআই, খুলনায় বিগত ০৩ (তিন) বছরের মধ্যে উক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাঁদের এই কোর্সে অংশ গ্রহণের প্রয়োজন নেই। আবেদনের জন্য ওয়েবসাইটে (www.hstti.khulna.gov.bd) প্রকাশিত লিংকে ক্লিক করে প্রাপ্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে সাবমিট করতে হবে।

আবেদনের লিংক: <https://forms.gle/7B45T9V1jfDuXBmG8>

আবেদনের শেষ তারিখ ০১/০৬/২০২৬ খি. বেলা ১২.০০ ঘটিকা।

বিঃ দ্রঃ প্রশিক্ষণ কালে বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত প্রাথমিক ব্যয় নির্বাহের জন্য তাঁকে কমপক্ষে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা সঙ্গে আনতে হবে।

প্রফেসর ড. শেখ মোঃ আমানুল্যাহ

আইডি নং- ০০০২৫২৩১

পরিচালক

উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, খুলনা

[ই-মেইল-hsttikhulna@yahoo.com](mailto:hsttikhulna@yahoo.com)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
- ৪। সংরক্ষণ নথি।